**পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট-১**

# বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**

**ঢাকা।**

**পিএসডি-১ সার্কুলার নং: ০২**

**তারিখ: ১৬ মার্চ ২০২৬ / ০২ চৈত্র ১৪৩২**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর (WLMA)

প্রিয় মহোদয়,

**<u>'ক্যাশলেস বাংলাদেশ ইউনিট' স্থাপন প্রসঙ্গে।</u>**

নগদ অর্থের ব্যবহার হ্রাস এবং ডিজিটাল লেনদেনের সুবিধা প্রান্তিক পর্যায়ের গ্রাহকদের মধ্যে পৌঁছে দেওয়ার লক্ষ্যে সরকার ও বাংলাদেশ ব্যাংক দেশের পেমেন্ট ব্যবস্থাকে ধাপে ধাপে ক্যাশলেস, ডিজিটাল ও অন্তর্ভুক্তিমূলক করার জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। Bangla QR, ইন্টারঅপারেবল ডিজিটাল পেমেন্ট অবকাঠামো, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS), ইন্টারনেট ব্যাংকিং, POS ও অনলাইন পেমেন্টের সম্প্রসারণের মাধ্যমে দেশে ডিজিটাল লেনদেনের গ্রহণযোগ্যতা ও প্রসার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় রিটেইল ব্যবসা প্রতিষ্ঠান/ মার্চেন্ট-সমূহের জন্য লাইসেন্স ইস্যু ও নবায়নের অন্যতম শর্ত হিসেবে Bangla QR লেনদেনে অন্তর্ভুক্তি বাধ্যতামূলক করা হয়েছে। আবার, Bangla QR চ্যানেলে মার্চেন্ট অনবোর্ডিং এর মাধ্যমে প্রান্তিক ও ক্ষুদ্র বিক্রেতাগণকে আনুষ্ঠানিক আর্থিক খাতে অন্তর্ভুক্তির সুযোগ সৃষ্টি হয়েছে।

২. ব্যাংক, মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রোভাইডার (এমএফএস), পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি), পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও) পর্যায়ে নীতি নির্ধারণ, বাস্তবায়ন, মনিটরিং ও প্রতিবেদন প্রণয়নে কাঙ্ক্ষিত সমন্বয় ও গতি অর্জনের লক্ষ্যে ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রতিটি ব্যাংক, এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA) এর প্রধান কার্যালয়ে একটি পরিপূর্ণ 'ক্যাশলেস বাংলাদেশ ইউনিট' স্থাপন প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

ক) সকল ব্যাংক, এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA) এর প্রধান কার্যালয়ে একটি পরিপূর্ণ 'ক্যাশলেস বাংলাদেশ ইউনিট' স্থাপন করতে হবে। ব্যাংকের ক্ষেত্রে উক্ত ইউনিটের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন পেমেন্ট সিস্টেম কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট উপব্যবস্থাপনা পরিচালক বা সমপর্যায়ের কর্মকর্তা এবং এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA) এর ক্ষেত্রে ইউনিটের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন ব্যবস্থাপনা পরিচালকের অব্যবহিত এক ধাপ নীচের সংশ্লিষ্ট কর্মকর্তা।

খ) ইউনিট প্রধান ব্যতীত উক্ত ইউনিটে ব্যাংকের ক্ষেত্রে কমপক্ষে ০৪ জন কর্মকর্তা এবং এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA) এর ক্ষেত্রে কমপক্ষে ০২ জন কর্মকর্তাকে বহাল করতে হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ ও সমন্বয়ের জন্য ব্যাংকের ক্ষেত্রে ইউনিটের ফোকাল পয়েন্ট কর্মকতা হবেন উপমহাব্যবস্থাপক বা সমপর্যায়ের কর্মকতা এবং এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA) এর ক্ষেত্রে ইউনিটের ফোকাল পয়েন্ট কর্মকতা হবেন ব্যবস্থাপনা পরিচালকের অব্যবহিত দুই ধাপ নীচের কর্মকর্তা। সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ, প্রতিবেদন প্রস্তুতি ও সমন্বয়ের জন্য ব্যাংকের ক্ষেত্রে ইউনিটের সহকারী ফোকাল পয়েন্ট কর্মকতা হবেন ন্যূনতম সিনিয়র প্রিন্সিপাল অফিসার বা সমপর্যায়ের কর্মকর্তা এবং এমএফএস, পিএসপি ও পিএসও (WLMA) এর ক্ষেত্রে ইউনিটের সহকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা হবেন ব্যবস্থাপনা পরিচালকের অব্যবহিত তিন ধাপ নীচের কর্মকর্তা।

৩. 'ক্যাশলেস বাংলাদেশ ইউনিট' এর কর্মপরিধি হবে নিম্নরূপ:

ক) ডিজিটাল পেমেন্ট বিস্তারে Bangla QR, POS, অনলাইন ও কার্ড পেমেন্ট সম্প্রসারণে টার্গেটভিত্তিক কর্মপরিকল্পনাসহ স্বীয় রোডম্যাপ প্রণয়ন, পরিমার্জন, সংশোধন, হালনাগাদকরণ ও প্রণীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন;

খ) নির্ধারিত লক্ষ্যমাত্রার আওতায় ব্যাংক/এমএফএস/পিএসপিসমূহের নিজস্ব App এ গ্রাহকের নিবন্ধন ক্রমান্বয়ে বৃদ্ধিকরণ এবং App ব্যবহারে উদ্বুদ্ধকরণ;

গ) দেশব্যাপী Bangla QR চ্যানেলে মার্চেন্ট অনবোর্ডিং কার্যক্রমকে বেগবানকরণ;

ঘ) ব্যাংকসমূহের শাখা পর্যায়ে নিজস্ব App এ গ্রাহকের নিবন্ধন ও মার্চেন্ট অনবোর্ডিং কার্যক্রম নিয়মিতভাবে তদারকি ও রিপোর্টিং;

ঙ) নিজ প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচি সংক্রান্ত কার্যাবলি;

চ) Bangla QR-সহ সকল ডিজিটাল লেনদেন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রচার প্রচারণা, ক্যাম্পেইন, সেমিনার পরিচালনা সংক্রান্ত কার্যাবলি;

ছ) ডিজিটাল লেনদেনে গ্রাহক সুরক্ষা, অভিযোগ নিষ্পত্তি, ঝুঁকি প্রশমন, সচেতনতা কার্যক্রম এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার সমন্বয় সাধন;

জ) পরিপূর্ণ পেমেন্ট ইকোসিস্টেম গঠনের লক্ষ্যে খাত ভিত্তিক সাপ্লাই চেইন পেমেন্ট মডেল উদ্ভাবন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলি;

ঝ) ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন বিষয়ে একটি স্বতন্ত্র বাৎসরিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক পরিচালনা পর্ষদে উপস্থাপন এবং মার্চ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পর্ষদ সভার সংশ্লিষ্ট কার্যবিবরণীসহ উক্ত প্রতিবেদনের কপি এ বিভাগে দাখিলকরণ;

ঞ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগ এর সাথে সমন্বয় সাধন এবং এ সংক্রান্ত যাবতীয় কর্মসূচী বাস্তবায়ন;

ট) ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ, স্থানীয় প্রশাসন, সিটি কর্পোরেশন, পৌরসভা, বাণিজ্য সংগঠন ও অন্যান্য সরকারি-বেসরকারি অংশীজনের সঙ্গে সমন্বয় সাধন।

৪. আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ব্যাংক/এমএফএস/পিএসপি/পিএসও (WLMA) সমূহকে উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক 'ক্যাশলেস বাংলাদেশ ইউনিট' স্থাপনপূর্বক ইউনিটের তথ্যাদি সংযুক্তি-১ এ বর্ণিত ছকে ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরে Forwarding Letter সহকারে এ বিভাগে দাখিল করতে হবে। এছাড়াও, পরবর্তীতে উক্ত ইউনিটের কোনরূপ পরিবর্তন হলে তা অবিলম্বে এ বিভাগকে পত্র মারফত অবহিত করতে হবে।

৫. এ নির্দেশনাবলি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আ.ন.ম. মঈনুল কবীর)
পরিচালক (পিএসডি-১)
ফোনঃ ৯৫৩০৩৩৪

**সংযুক্তি-১**

নবগঠিত ক্যাশলেস বাংলাদেশ ইউনিটের তথ্যাদি:

| ক্রম | নাম ও পদবি | ইউনিটে পোর্টফোলিও | মোবাইল নম্বর | ইমেইল |
|---|---|---|---|---|
| | | | | |